

নম্বর: ৩৭.০০.০০০০.১২৪.১৪.০৩৩.১৮.২৪৬

তারিখ: ৩০ কার্তিক ১৪২৮

১৫ নভেম্বর ২০২১

প্রাপক:

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার

শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।

বিষয়: “বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন (২য় সংশোধিত)” শীর্ষক অনুমোদিত প্রকল্প (কোড নং- ২২৪০১৩৭০০) বাস্তবায়নের জন্য অর্থছাড়।

এ বিভাগ কর্তৃক ১৪/১১/২০২১ তারিখে ৩৭.০০.০০০০.১২৪.১৪.০৩৩.১৮.২৪৫ নং সরকারি আদেশে অনুমোদিত বরাদ্দের বিভাজন অনুযায়ী আমি এই মর্মে আদিষ্ট হয়ে স্থানীয় মুদ্রা অংশের বরাদ্দ হতে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অনুকূলে নিম্নরূপে অর্থ ছাড়ে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি:

(লক্ষ টাকা)

বাস্তবায়নকারী সংস্থার নাম ও কোড নং	প্রকল্পের নাম ও কোড নং	অনুমোদিত / ডি.পি.পি অনুমোদিত / অননুমোদিত	কিস্তির নাম ১ম/২য়/ ৩য়/৪র্থ	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্ত অর্থ
১	২	৩	৪	৫	৬	৭
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন	বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন (২য় সংশোধিত) (কোড নং- ২২৪০১৩৭০০)	অনুমোদিত	১ম-২য় কিস্তি	১৭.০০ লক্ষ	২৮৮৪.৫০ লক্ষ	২৯০১.৫০ লক্ষ

১। এ ব্যয় বর্তমান অর্থ বৎসরের উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং-২২, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের (কোড নং-১২৫০১) আওতায় বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের “বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন (২য় সংশোধিত)” শীর্ষক অনুমোদিত প্রকল্প (কোড নং- ২২৪০১৩৭০০) হতে বহন করা হবে;

২। উপরোক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে (শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এ অংকের বহির্ভূত);

৩। এ বরাদ্দের অধীনে ব্যয় সর্বশেষ অনুমোদিত ডি.পি.পি.’র প্রাক্কলিত ব্যয় বিভাজন অনুসারে করতে হবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হবে না;

৪। অব্যয়িত অর্থ আগামী ৩০ জুন, ২০২২ এর মধ্যে অবশ্যই সরকারি কোষাগারে ট্রেজারী চালানোর মাধ্যমে জমা প্রদান করতে হবে;

৫। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA-2006 এবং PPR-2008 সহ সরকারের প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে অনুসরণ করতে হবে;

৬। এ বিভাগ কর্তৃক প্রতিস্বাক্ষরিত বিল উপস্থাপনের মাধ্যমে আলোচ্য প্রকল্পের প্রকল্প পরিচালক এ অর্থ উঠাতে পারবেন। ছাড়কৃত অর্থ ব্যয়/বিল পরিশোধের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদঘাটিত হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন; এবং

৭। অর্থ বিভাগের ২০ জুন ২০১৮ তারিখের অফিস স্মারক নং ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫১৮ এর প্রদত্ত ক্ষমতাবলে এ আদেশ জারি করা হলো।

...



১৫-১১-২০ ২১

মোহাম্মদ রফিকুল ইসলাম
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ৯৫৪০৬১৪

নম্বর: ৩৭.০০.০০০০.১২৪.১৪.০৩৩.১৮.২৪৬/১(৭)

তারিখ: ৩০ কার্তিক ১৪২৮
১৫ নভেম্বর ২০২১

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

- ১) চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা।
- ২) উপাচার্য, বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৩) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) উপসচিব, বাজেট-২ শাখা, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫) প্রকল্প পরিচালক, বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন (২য় সংশোধিত) প্রকল্প, বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৬) সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।



১৫-১১-২০ ২১

মোহাম্মদ রফিকুল ইসলাম
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)